

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ

স্মারক নং- ৩২.০১.৮৮৫০.০০০.০৬.০০১.২৬- ১৪(ক)

তারিখঃ ০৬ বৈশাখ/১৪৩৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল/২০২৬ খ্রি.


প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “ উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়) প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের ০৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ১ম ব্যাচে দুইটি ট্রেডে ২০ জন করে মোট ৪০ (চল্লিশ) জন প্রশিক্ষার্থী ভর্তি করা হবে।

ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্সের বিষয়	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	আবেদন পত্র গ্রহণ ও জমা দেওয়ার তারিখ	সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময়	প্রশিক্ষণ শুরু তারিখ ও সময়
০১	ফ্যাশন ডিজাইন	সর্বনিম্ন ৫ম শ্রেণী	০৩ মাস	২০ টি	১৩/০৪/২০২৬ খ্রি. তারিখ হতে ২৭/০৪/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত	সম্ভাব্য তারিখ ২৮/০৪/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা	০১/০৫/২০২৬ খ্রি. হতে সকাল ১০.০০ ঘটিকা
০২	ফুড প্রসেসিং ও প্রিজারভেশন	সর্বনিম্ন ৫ম শ্রেণী	০৩ মাস	২০ টি			

ভর্তির শর্তাবলী

- ১। আফিস চলাকালীন সময়ে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র সংগ্রহ ও দাখিল করতে হবে। (আবেদন ফরম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কাজিপুর, সিরাজগঞ্জ হতে সংগ্রহ ও জমা করা যাবে)। ইতিপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না।
- ২। আবেদনকারীকে অবশ্যই দুঃস্থ ও দরিদ্র হতে হবে। বিধবা, তালাক প্রাপ্তা, স্বামী পরিত্যক্তা, পরিবার প্রধান মহিলা অগ্রাধিকার পাবে।
- ৩। আবেদনকারীর বয়স অবশ্যই ১৮-৪০ বৎসরের মধ্যে হতে হবে।
- ৪। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। জন্ম নিবন্ধন দিয়ে আবেদন করলে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৫। আবেদনকারীকে অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৬। আবেদন কারীকে নিজ নিজ এলাকার চেয়ারম্যান কর্তৃক পরিচয় পত্র ০১ কপি, পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি ০১ কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ০১ কপি, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭। প্রশিক্ষণের সময় ০৩ (তিন) মাস, ৬০ কর্ম দিবস ৩৬০ ঘন্টা। (সপ্তাহে ০৫ দিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত)।
- ৮। আবেদনপত্র আগামী ২৭/০৪/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে পৌঁছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পর বা অসম্পূর্ণ আবেদন পত্র গ্রহণ যোগ্য হবে না।
- ৯। প্রশিক্ষার্থীকে অবশ্যই প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম কানুন মেনে চলতে হবে। বরাদ্দ প্রাপ্তি অনুযায়ী দৈনিক হাজিরার ভিত্তিতে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ১০। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার পত্র ইস্যু ও কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


(চিত্রা রানী সাহা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কাজিপুর, সিরাজগঞ্জ

স্মারক নং- ৩২.০১.৮৮৫০.০০০.০৬.০০১.২৬-

তারিখঃ ০৬ বৈশাখ/১৪৩৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

- ১। প্রকল্প পরিচালক, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিরাজগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ
- ৪। প্রশাসক/চেয়ারম্যান/প্যালেস চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ
- ৫। সভাপতি/ সম্পদক প্রেস ক্লাব, কাজিপুর, সিরাজগঞ্জ।
- ৬। নোটিশ বোর্ড।
- ৭। অফিস কপি।

11
(চিত্রা রানী সাহা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কাজিপুর, সিরাজগঞ্জ